

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৪.০০১.২০-২৮৮

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৮

২৯ জুন ২০২১

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উর্পযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে:

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা                          | বিষয়                                     |
|-----------|---|---|
| ১.        | বীর প্রতীক মমিন উল্লাহ পাটোয়ারী একাডেমি, সদর, চাঁদপুর।   | নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি |
| ২.        | দক্ষিণ পাংগাশিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা | মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি       |

০২। বর্ণিতাবস্থায়, উর্পযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্বে বর্ণিত বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত/সম্মিলিত করে নির্ধারিত ছক মোতাবেক মতামত/সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(১) প্রতিষ্ঠানের EIIN ও ইমেইল নম্বর;

(২) প্রতিষ্ঠানের জমির নামজারি ও হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);

(৩) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সম্মিলিত করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তিনামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র সভাপতি (খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক-সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); ও

(৪) নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির ক্ষেত্রে পাঠদানের তারিখ, ০৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ); মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির ক্ষেত্রে পাঠদানের তারিখ, ০৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

২৯-৬-২০২১

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৭০৬৭২

বিতরণ :

১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,  
বরিশাল

ইমেইল: as.sec3@moedu.gov.bd


২) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
কুমিল্লা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৪.০০১.২০-২৮৮/১(৪)

তারিখ: ১৫ আষাঢ়. ১৪২৮  
২৯ জুন ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) প্রধান শিক্ষক,.....
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অফিস কপি



২৯-৬-২০২১

আনোয়ারুল হক  
উপসচিব